

এনএসইউতে যোগ দিলেন গবেষণা অনুদানের প্রস্তাব লেখার আন্তর্জাতিক বিশেষজ্ঞ



যুক্তরাষ্ট্রের মিসৌরি
ইউনিভার্সিটি অব
সায়েন্স অ্যান্ড
টেকনোলজির ইংরেজি
ও কারিগরি যোগাযোগ
বিভাগের অধ্যাপক ড.
ক্যাথরিন নর্থকাট ঢাকা
আমেরিকান দূতাবাসের
আয়োজনে ফুলব্রাইট

স্পেশালিস্ট হিসেবে নর্থ সাউথ ইউনিভার্সিটির
(এনএসইউ) গবেষণা অফিসে যোগদান
করেছেন। প্রযুক্তিগত যোগাযোগের বিশেষজ্ঞ ড.
নর্থকাট এনএসইউর চার অনুষ্ঠানের শিক্ষকদের
জন্য গবেষণা অনুদান প্রস্তাব লেখার ওপর
একাধিক কর্মশালা পরিচালনা ও পৃথক পরামর্শ
দেবেন। এছাড়া তিনি স্নাতক ও স্নাতকোত্তর
পর্যায়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে বেশ কয়েকটি
সেমিনারে বক্তব্য রাখবেন।

এনএসইউর উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান
চৌধুরী ড. নর্থকাটকে স্বাগত জানান এবং তার
ছয় সপ্তাহের সফরকালীন সহযোগিতার জন্য
তাকে ও ঢাকাস্থ আমেরিকান দূতাবাসকে আন্তরিক
ধন্যবাদ জানান। এনএসইউর গবেষণা অফিসের
পরিচালক অধ্যাপক নরম্যান কে সোয়াজো
উল্লেখ করেন যে, এ কর্মশালাগুলো শিক্ষকদের
গবেষণা অনুদান প্রস্তাব লেখার দক্ষতা উন্নয়নের
লক্ষ্যে ডিজাইন করা হয়েছে। বহির্মুখী গবেষণা
অনুদান অর্জন এনএসইউর কৌশলগত গবেষণা
পরিকল্পনার একটি অপরিহার্য অংশ। কারণ
বিশ্ববিদ্যালয়টি ধীরে ধীরে গবেষণা-সক্রিয় থেকে
গবেষণা-নিবিড় প্রতিষ্ঠানে রূপান্তরিত হচ্ছে।
একই সঙ্গে এটি শিক্ষার ক্ষেত্রে শ্রেষ্ঠত্ব বজায়
রাখার প্রতিশ্রুতিও নিশ্চিত করেছে। —বিজ্ঞপ্তি